# জানুয়ারি/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ সোলায়মান হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেওয়ানগঞ্জ, জামালপুর।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

তারিখ ও সময় ঃ ২৫/১/২০২২ খ্রি.। সকাল-১১-০০ ঘটিকা।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-'ক')।

উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়, কোনরুপ সংশোধনী না থাকায় দৃঢ়ীকরণ করা হয়। অতপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১) | কৃষি বিভাগ ঃ<br>উপজেলা কৃষি অফিসার জানান যে, চলতি বছর উপজেলায় বোরো মৌসুমে ৯১২৭ হে. আবাদের লক্ষ্যমাত্রা নিয়ে ইতোমধ্যেই ৪০০০ হে. জমিতে বোরো ধান রোপন সম্পন্ন হয়েছে। খুব শীঘ্রই রোপন শেষ হবে এবং লক্ষ্যমাত্রা অতিক্রম করবে। এছাড়া ৫৩০০ হে. জমিতে ভূট্টা ও ১৬৫০ হে. জমিতে সরিষা আবাদ হয়েছে। সরিষার কর্তন প্রায় শেষ পর্যায়ে। আবহাওয়া অনুকূলে থাকায় সরিষার ফলন ভাল হয়েছে এবং আশানুরুপ ফলন পাওয়ায় কৃষক খুশি। উপজেলায় রবি ফসল ও অন্যান্য শীতকালীন সবজি আবাদ বৃদ্ধির লক্ষে মাঠ পর্যায়ে উপসহকারী কৃষি কর্মকর্তাগণকে কাজ করার জন্য নির্দেশনা দেওয়া হচ্ছে। উপজেলায় বীজ ও রাসায়নিক সারের কোন সংকট নেই। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মাঠ পর্যায়ে কৃষকদের পাশে থেকে সঠিক নির্দেশনা ও পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০২) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, কোভিড-১৯ পরিস্থিতির মাঝে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সকল সেবা কার্যক্রম চলমান রয়েছে। ১৮ বছরের উপরে ৪১% এর বেশী জনগণকে টিকার আওতায় আনা হয়েছে। ১২-১৭ বছরের মধ্যে শতভাগ শিক্ষার্থীদের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) টিকা প্রদান করা হয়েছে। বুস্টার ডোজের কার্যক্রম চলমান রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৩) | উপজেলা প্রকৌশল দপ্তর ঃ<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,<br>০১। ২০২১-২০২২ অর্থবছরে এডিপি ০২ টি বরাদ্দ পাওয়া গেছে। বিভিন্ন বিভাগীয় কর্মকর্তাগণকে ও ইউপি চেয়ারম্যানগণকে প্রকল্প জমা দেয়ার জন্য অনুরোধ জানানো হয়। পরবর্তীতে যাচাই বাছাই কমিটির মাধ্যমে বাছাই করে সিদ্ধান্ত নেয়া হবে।<br>০২। চিকাজানী ইউনিয়নের মন্ডলপাড়া বাজার হতে পশ্চিম কাজলা পাড়া ভায়া ডাকাতিয়া রাস্তায় ২০০০ খ্রি. সনের ২৪.০০ মি. দৈর্ঘ্যের ০১ (এক) টি ফুট ব্রীজ নির্মাণ করা হয়েছিল। খালের গ্যাপ অনুযায়ী ব্রীজের দৈর্ঘ্য কম হওয়ায় বর্ষায় দুই পাশের এপ্রোচ রাস্তা ভেংগে সংযোগ বিচ্ছিন্ন অবস্থায় রয়েছে। বর্তমানে খালের প্রস্থ ৮০.০০ মি.। খালের প্রস্থের তুলনায় ব্রীজের দৈর্ঘ্য অনেক কম হওয়ায় বর্ষাকালে পানি প্রবাহের চাপের ফলে ব্রীজের উভয় পার্শের মাটি সরে গিয়ে এপ্রোচ রাস্তা ভেংগে সংযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে।<br>০৩। অন্যান্য বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | ০১। ২০২১-২০২২ অর্থবছরে এডিপি প্রকল্প জমা দেয়ার বিষয়ে সিদ্ধান্তগ্রহণ করা হয়।<br>০২। খালের গ্যাপের তুলনায় ব্রীজ অনেক ছোট হওয়ায় এবং উভয় পার্শের সংযোগ রাস্তা বিচ্ছিন্ন থাকায় ব্রীজটি জনগণের কোন কাজে না আসার কারণে এই স্বল্প দৈর্ঘের ব্রীজটি সরকারি বিধি মোতাবেক নিলাম কার্যক্রমের মাধ্যমে ভেংগে খালের গ্যাপ অনুযায়ী গ্রহণযোগ্য দৈর্ঘ্যের ব্রীজ এলজিইডিতে নির্মাণের প্রস্তাবনা প্রেরণসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| ০৪) | জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর ঃ<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, সমগ্র বাংলাদেশে বরাদ্দকৃত নলকূপগুলোর কাজ খুব শীঘ্রই শুরু হবে। মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশক্রমে অত্র উপজেলায় পূর্বের প্রযুক্তিতেই অগভীর নলকূপের কাজ শুরু হবে। যদি কোন নলকূপের পানিতে আয়রন পরিমান বেশী পরিলক্ষিত হয় তবে নলকূপের সাথে লৌহ দূরীকরণ প্লান্ট বাস্তবায়ন হবে। এছাড়া আর্সেনিক স্কিনিং এর কাজও অচিরেই শুরু হবে। Wash Block এর কাজ চলমান রয়েছে। অন্যান্য দপ্তরীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | Wash Block সহ সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অফিস |
| ০৫) | উপজেলা সমাজসেবা অফিস ঃ<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, দেওয়ানগঞ্জ উপজেলার আওতাধীন মোট ভাতাভোগীর সংখ্যা ২৪,০০০। বিধবা ভাতার বরাদ্দ আনা হয়েছে ৪৭৫ টি। প্রত্যেক ইউনিয়নের জন্য ৫০ টি আর পৌরসভায় ৭৫ টি। বই ধারীদেরকে অগ্রাধিকার দেয়া হচ্ছে। প্রতিবন্ধী ভাতার ৩৫৩ জন আর শিক্ষা উপবৃত্তির ১৪৫ জনের কাজ প্রায় শেষ। ভিক্ষুক পুনর্বাসনের কার্যক্রম খুব শীঘ্রই শুরু হবে। এছাড়া উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের নিকট প্রতিবন্ধী শিক্ষার্থীর চাহিদা চাওয়া হয়েছে। তথ্য পেলে কাজ বাস্তবায়ন করা যাবে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সমাজসেবা বিভাগের ভাতাভোগীর কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার। |
| ০৬) | উপজেলা সমবায় অফিস ঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে,<br>০১। অত্র উপজেলার সমবায় সমিতিগুলোর ২০২০-২০২১ সনের বার্ষিক অডিট লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদন হচ্ছে।<br>০২। সমবায় সমিতিগুলোর পরিদর্শন, তদারকি এবং পরিচর্যা কার্যক্রম যথাযথভাবে চলছে।<br>০৩। আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এ বিষয়ে সহযোগিতা প্রয়োজন। | অডিট কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ০৭) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান,<br>০১। ২০২১-২২ অর্থবছরে টি আর/কাবিটা/কাবিখা কর্মসূচীর ১ম পর্বের বরাদ্দ পাওয়া গেছে। কার্যক্রম চলমান রয়েছে।<br>০২। বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | টি আর/কাবিটা/কাবিখা কর্মসূচীর আওতায় প্রকল্প তালিকা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৮) | উপজেলা শিক্ষা অফিস ঃ<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, ২০২২ শিক্ষাবর্ষের জন্য অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় পাঠ্য বইয়ের চাহিদা ছিল ২,৩১,৬৪৫ টি। এর মধ্যে প্রাক-প্রাথমিক শ্রেণির ৭৫০০ টি ব্যতিত ১ম হতে ৫ম শ্রেণি পর্যন্ত বরাদ্দকৃত ২,২৪,১৪৫ টি বই পাওয়া যায় এবং ৩১ ডিসেম্বর ২০২১ খ্রি. তারিখের মধ্য চাহিদা অনুযায়ী বিদ্যালয় পর্যায়ে পৌছানো হয়েছে। ০১ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখে সকল শিক্ষার্থীর মাঝে নতুন বই বিতরণ করা হয়েছে। উদ্বৃত্ত কিছু পাঠ্য বই দেওয়ানগঞ্জ পৌরসভায় সংরক্ষিত রয়েছে। নতুন বছরের নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ি বিদ্যালয়ের ক্লাশ চালু হলেও কোভিড-১৯ এর প্রকোপ বৃদ্ধি পাওয়ার কারণে গত ২১/১/২০২২ খ্রি. তারিখ হতে ০৬/২/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত পাঠদান কার্যক্রম বন্ধ রয়েছে। বিদ্যালয় পর্যায়ে এস,এম,সি গঠন কার্যক্রম চলমান রয়েছে। বিদ্যালয়ের রুটিন মেইনটেনেন্স ও মাইনর মেরামতের প্রাক্কলন তৈরি করে দেওয়ার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডিকে অনুরোধ জানিয়ে পত্র দেয়া হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | শিক্ষা বিভাগীয় সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৯) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, সরকারি সিদ্ধান্ত মোতাবেক সকল প্রতিষ্ঠান গত গত ২১/১/২০২২ খ্রি. তারিখ হতে ০৬/২/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত পাঠদান কার্যক্রম বন্ধ রয়েছে। শ্রেণি কার্যক্রম বন্ধের সময় সর্বোচ্চ স্বাস্থ্যবিধি অনুসরণ করে প্রতিষ্ঠানের বিভাগীয় কার্যক্রম এবং অনলাইন ক্লাস চালু থাকবে। এছাড়া সরকারি সদয় সিদ্ধান্ত অনুযায়ী ১২-১৮ বছর বয়সী সকল শিক্ষার্থীর প্রথম ডোজ করোনা টিকা প্রদান কার্যক্রম সম্পন্ন হয়েছে। দ্বিতীয় ডোজ করোনা টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এই করোনাকালীন সময়ে সকল প্রতিষ্ঠান বন্ধ থাকায় কিছু শিক্ষক প্রাইভেট/কোচিং সেন্টার পরিচালনা করে যা সরকারি পরিপত্র পরিপন্থী বিধায় মোবাইল কোর্ট পরিচালনার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। এছাড়া উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন ভবন নির্মাণের জন্য নির্ধারিত স্থানে একটি জামগাছ রয়েছে যার কয়েকটি ডাল কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। উক্ত ভবনের নির্মাণ কাজ আগামী ২৬/১/২০২২ খ্রি. তারিখ উদ্বোধন করা হবে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | করোনাকালীন সময়ে সকল প্রতিষ্ঠান বন্ধ থাকাকালীন সময়ে কোন কোচিং/প্রাইভেট সেন্টার খোলা থাকলে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে বন্ধ করার বিষয়ে এবং উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন ভবন নির্মাণের জন্য নির্ধারিত স্থানে জামগাছের কয়েকটি ডাল কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০) | পরিবার পরিকল্পনা বিভাগ ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ডিসেম্বর/ মাসে মোট সক্ষম দম্পতি ৬০২৩৪ জন, মোট গ্রহণকারী ৪৮৪১২ জন। পদ্ধতি গ্রহণকারীর হার ৮০.৩৭%। আইইউডি-৩৪ জন, স্থায়ী পদ্ধতি-২৩ জন মহিলা, ইমপ্ল্যান্ট-২৬৯ জন। বিতরণ ঃ খাবার বড়ি সুখি ৯৮১৩ পিস, আপন-১৭৮ চক্র, কনডম-১৪৬৩৫ পিস, ইনজেকশন-১৯৫৯ ভায়াল। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | পরিবার পরিকল্পনা বিভাগের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১১) | উপজেলা প্রাণিসম্পদ অফিস ঃ<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে,<br>০১। এই মাসে ৬৪০ টি গবাদিপশু কৃত্রিম প্রজনন করা হয় এবং ২২৫ টি সংকর জাতের বাছুর উৎপাদন হয়।<br>০২। ১৫২০ টি গবাদিপশুকে এবং ২৮০০০ টি হাঁস মুরগীর টিকা প্রদান করা হয়।<br>০৩। ২৫৪৮ টি গবাদিপশু, ২০০১২ টি হাঁস মুরগী, ১২ টি পোষা প্রাণিকে চিকিৎসা প্রদান করা হয়।<br>০৪। খামারী প্রশিক্ষণ, উঠান বৈঠকসহ অন্যান্য প্রকল্পের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>০৫। বিভাগীয় সকল কার্যক্রম ভালোভাবে চলছে। | প্রাণিসম্পদ বিভাগের উল্লিখিত সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ১২) | উপজেলা মৎস্য বিভাগ ঃ<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, গত ডিসেম্বর/২০ মাসের সিদ্ধান্ত মোতাবেক মৎস্য দপ্তরের প্রত্যেক ইউনিয়নে নিয়োগকৃত ০২ জন করে লিফ ইউনিয়ন পরিষদে নিয়মিত অবস্থান করা এবং সঠিক পরামর্শ প্রদানের জন্য পুনরায় আলোচনা করা হয়। ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় ০৩ টি উন্নত প্রযুক্তি প্যাকেজের উপর প্রদর্শনী খামারের বরাদ্দ পাওয়া গেছে। এ নিয়ে সংশ্লিষ্ট কমিটির সদস্যদের সাথে আলোচনা করা হয়েছে। জাটকা নিধন কার্যক্রম চলমান রয়েছে। নৌ থানা এবং মৎস্য দপ্তর নিয়মিতভাবে যমুনা নদীতে অভিযান পরিচালনা করা হচ্ছে। হাট বাজারে জাটকা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট দপ্তরকে অবহিত করার জন্য উপজেলা পরিষদের সম্মানীত সদস্যগণকে অনুরোধ করা হয়। | মৎস্য দপ্তরের চলমান ০২ টি প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়নের ০২ জন লিফ ইউনিয়ন পরিষদে অবস্থান করে কিনা সে ব্যাপারে ইউপি চেয়ারম্যানগণ কর্তৃক মনিটরিং এর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ১৩) | উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপকারভোগীর সংখ্যা-৯৫০ জন। ঋনী সংখ্যা-১৬১২ জন। চলতি অর্থবছরে ২০ জন সদস্যের মাঝে ঋণ বিতরন-১৩,৮০,০০০/- টাকা। কার্যক্রম শুরু হতে এ পর্যন্ত ক্রমপুঞ্জিত ঋণ বিতরন-৩,২১,০৫,৮০০/- (তিন কোটি একুশ লক্ষ পাঁচ হাজার আটশত) টাকা। ক্রমপুঞ্জিত আদায়যোগ্য-২,৮০,৬১,৬০৭/- (দুই কোটি আশি লক্ষ একষট্টি হাজার ছয়শত সাত) টাকা। ক্রমপুঞ্জিত আদায়-২,৫৭,১২,১৬৮/- (দুই কোটি সাতান্ন লক্ষ বার হাজার একশত আটষট্টি) টাকা। ক্রমপুঞ্জিত আদায়ের শতকরা হার-৯২%। খেলাপী টাকার পরিমান-১৬,৮৯,৪৬৭/- (ষোল লক্ষ উননব্বই হাজার চারশত সাতষট্টি) টাকা। | ঋণ প্রদান ও আদায় কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচী-<br>চলতি অর্থবছরের বিতরণ- নাই ক্রমপুঞ্জিত আদায়ের শতকরা হার- ৮৮%<br>উপকারভোগীর সংখ্যা- ২৩৫ জন<br>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ঘূর্ণায়মান-২৫,০০,০০০/-<br>ক্রমপুঞ্জিত আদায়যোগ্য- ২৩,১৭,৬০০/-<br>ক্রমপুঞ্জিত আদায়কৃত- ২০,৩২,৩৬০/-<br>প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্প-<br>চলতি অর্থবছরে বিতরণ- নাই<br>উপকারভোগীর সংখ্যা-১৮ জন<br>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ-৮,২০,০০০/- (আট লক্ষ বিশ হাজার) টাকা<br>আদায়যোগ্য টাকার পরিমান-৮,২০,০০০/- (আট লক্ষ বিশ হাজার) টাকা<br>ক্রমপুঞ্জিত আদায়কৃত টাকার পরিমান-৬,৭৩,৩৪১/-<br>আদায়ের শতকরা হার-৮২%<br>অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ-<br>চলতি অর্থবছরের অগ্রগতি-পুরুষ-৩৫ জন ক্রমপুঞ্জিত অগ্রগতি- পুরুষ- ২৭৮৫ জন<br>মহিলা-২৩৫ জন মহিলা-৪৩২৯ জন<br>মোট-২৭০ জন মোট- ৭১১৪ জন<br>আত্নকর্মী সৃজন- পুরুষ- ২৫২ জন তালিকাভুক্ত যুব সংগঠনের সংখ্যা- ২৭ টি<br>মহিলা- ১৫৮ জন সক্রিয় যুব সংগঠনের সংখ্যা- ০৮ টি<br>মোট- ৪১০ জন | | |
| ১৪) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অফিস ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে অবহিত করেন যে,<br>০১। ০৩ (তিন) মাস মেয়াদী প্রশিক্ষণ কোর্সে (জানুয়ারি-মার্চ) ফ্যাশন ডিজাইন, বিউটি ফিকেশন এবং সেলাই প্রশিক্ষণার্থী বাছাই পরীক্ষা গত ০৩/১/২০২২ খ্রি. তারিখ অনুষ্ঠিত হয়েছে।<br>০২। কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিলের আওতায় উপকারভোগীদের স্বাস্থ্যসেবা জোরদার করনের লক্ষ্যে হেলথ ক্যাম্প কর্মসূচী শুরু হয়েছে।<br>০৩। মা ও শিশু সহায়তা তহবিলের আওতায় প্রত্যেক ইউনিয়ন হতে প্রাপ্ত উপকারভোগীদের আবেদন নেয়া আপাতত বন্ধ রয়েছে। কিন্তু পৌরসভায় সার্ভার খুলে দেয়া হয়েছে।<br>০৪। ভিজিডির চাউল প্রদানের পূর্বে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে উপকারভোগীদের একাউন্ট খোলা ও সঞ্চয় সংগ্রহ সহায়তাপ্রদানের জন্যও অনুরোধ করা হয়।<br>০৫। অন্যান্য বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | জয়িতা অন্বেষনে বাংলাদেশ শীর্ষক কার্যক্রম বাস্তবায়নের জন্য আবেদন পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৫) | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,<br>০১। বিআরডিবির ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>০২। ২০২১-২২ অর্থবছরে রাজস্ব বাজেটের আওতায় ৩০ জন সুফলভোগী সমবায়ী সদস্যের মধ্যে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে।<br>০৩। ২০২১-২২ অর্থবছরে খেলাপী ঋণ বাবদ ১.৮৮ লক্ষ টাকা আদায় করা হয়েছে। নতুন করে পুনরায় ২৫ জন সদস্যের মাঝে ৪.৮৩ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>০৪। খেলাপী ঋণ আদায়ের জন্য সর্বাত্নক কার্যক্রম চলমান রয়েছে। | খেলাপী ঋণ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৬) | উপজেলা বন বিভাগ ঃ<br>উপজেলা বন কর্মকর্তা সভায় অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় ২০২১-২০২২ অর্থবছরে বন বিভাগ কর্তৃক বাহাদুরাবাদ ইউনিয়নের পোল্যাকান্দি ব্রীজের উত্তর পাশে পাকা রাস্তা হতে চরপোল্যাকান্দি মসজিদ পর্যন্ত ও পোল্যাকান্দি ব্রীজ সংলগ্ন কবরস্থান হতে পূর্ব দিকে ৩ সিডলিং কি. মি. স্ট্রীপ বাগান সৃজন করন বিষয়ে অবহিত করেন। | উল্লিখিত স্থানে বাগান সৃজন কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭) | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক<br>১। মোট সমিতি গঠন- ২৪৫ টি<br>মোট সদস্য- ১১৬৪১ জন<br>মোট ঋণ বিতরন- ১ কোটি ৫ লক্ষ টাকা<br>ঋণের কিস্তি আদায়-৫৯,০০,০০০/- | পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক |
| ১৮) | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা ঃ<br>ক্ষুদ্র ঋন অগ্রগতি ঃ<br>০১) ক) সমিতির সংখ্যা- ৮৫ টি<br>খ) মোট সদস্য- ৪২০৮ জন<br>গ) মোট ঋন বিতরণ- ৬২৩৫০০০/-<br>ঘ) মোট ঋন আদায়- ৬৯০৫৬২০/-<br>ঙ) মোট সঞ্চয় আদায়- ৮৭৮১৬৪/-<br>চ) আদায় হার- ৯৭%<br>০২) ব্যবসায়ী ঋন- সেলপ<br>ক) মোট উদ্যোক্তা সংখ্যা- ৭৩ জন<br>খ) মোট ঋণ বিতরণ- ১১০০০০০/- | ঋণ আদায় ও প্রদান কার্যক্রম ভালোভাবে বাস্তাবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | গ) মোট ঋণ আদায়- ১১৬৬৪৯০/-<br>ঘ) আদায় হার- ৯৯%<br>ঙ) সয়ম্ভরতার হার- ১০৮% | | |
| ১৯) | এজিএম পল্লী বিদ্যুৎ ঃ<br>এজিএম পল্লী বিদ্যুৎ জানান যে, অত্র দেওয়ানগঞ্জ উপজেলার বিদ্যুৎ বিভাগের সকল কার্যক্রম ভালোভাবে চলছে। গ্রাহকগন সঠিক সময়ে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করছেন। দেওয়ানগঞ্জ উপজেলার বিদ্যুৎ সরবরাহ অবস্থা ভালো রাখার লক্ষে কার্যক্রম পরিচালিত হচ্ছে। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | পল্লী বিদ্যুৎ বিভাগের সকল কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/এজিএম পল্লী বিদ্যুৎ |
| ২০) | ষ্টেশন মাষ্টার, দেওয়ানগঞ্জ ঃ<br>ষ্টেশন মাষ্টার, দেওয়ানগঞ্জ সভাস্থ সকলকে ছালাম ও শুভেচ্ছা জানান। জনগণ বিভিন্ন জায়গায় ট্রেনের মাধ্যমে ভ্রমনের নিমিত্ত প্রয়োজন অনুযায়ী টিকিট সংগ্রহ করতে পারছেন। কোন প্রকার টিকিট কালো বাজারী হলে তদরকির ব্যবস্থা গ্রহণ করা হবে। দেওয়ানগঞ্জ হতে ঢাকা পর্যন্ত ট্রেনগুলো চলাচল সঠিক সময়ে চলাচল করছে। দেওয়ানগঞ্জ ষ্টেশনে কোন বিশৃংখলা, অরাজকতা নেই। বিভাগীয় সকল কার্যক্রম ভালোভাবে চলছে। | দেওয়ানগঞ্জ ষ্টেশনের সকল কার্যক্রম ভালোভাবে সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ষ্টেশন মাষ্টার |
| ২১) | ফায়ার সার্ভিস, দেওয়ানগঞ্জ ঃ<br>ফায়ার সার্ভিস, দেওয়ানগঞ্জ জানান যে, তাঁদের সকল কার্যক্রম ভালোভাবে চলমান রয়েছে। যে কোন জায়গা থেকে যদি কখনও আগুন লাগার খবর আসে তাহলে সাথে সাথে ঘটনাস্থলে গিয়ে আগুন নিভানোর চেষ্টা করে থাকেন। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | ফায়ার সার্ভিস, দেওয়ানগঞ্জ এর সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২২) | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, গত ২০/১/২০২২ খ্রি. তারিখ হতে দেওয়ানগঞ্জ পৌরসভার অনুকূলে ০৩ জন ডিলারের মাধ্যমে ডিলার প্রতি ১.০০০ মে. টন চাউল ও ১.০০০ মে. টন আটা শুক্রবার ব্যতিত সপ্তাহে ০৬ (ছয়) দিন সাধারণ জনগণের মাঝে ওএমএস বিশেষ কার্যক্রমের মাধ্যমে প্রতি কেজি চাউল =৩০/- (ত্রিশ) টাকা এবং প্রতি কেজি আটা=১৮/- (আঠার) টাকা করে বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও বর্তমানে আমন সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। আমন সিদ্ধ চাউল ১৩৪.০০০ মে.টন সংগ্রহ করা হয়েছে। বর্তমানে ৯০.০০০ মে. টন গম মজুদ রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২৩) | উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) ঃ<br>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান যে, জানুয়ারি/২২ মাসে তথ্যকেন্দ্র হতে ০৪ টি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। কোভিড-১৯ এর কারণে আগামী মাস হতে উঠান বৈঠক এর কার্যক্রম সাময়িকভাবে বন্ধ থাকতে পারে। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) এর সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৪) | চেয়ারম্যান ডাংধরা ইউপি ঃ<br>ডাংধরা ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, আশ্রয়ন প্রকল্প ০৬ নং ওয়ার্ডে কিছু ঘর রয়েছে। ০২ টি ঘরের মাঝখানে খুটি রয়েছে। চলাফেরা অসুবিধার সৃষ্টি হচ্ছে। এজিএম, পল্লী বিদ্যুৎ এঁর মাধ্যমে জনগণের নির্বিঘ্নে চলাফেরার জন্য খুঁটি সরানো যাবে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এছাড়াও গম বীজ প্রদানের জন্য কৃষি অফিসারের মাধ্যমে অনুরোধ জানান। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | উল্লিখিত স্থানে ঘরের পাশে খুঁটি সরানো যায় কিনা সে ব্যাপারে এজিএম পল্লী বিদ্যুৎকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৫) | চেয়ারম্যান চরআমখাওয়া ইউপি ঃ<br>চরআমখাওয়া প্যানেল চেয়াম্যান সভায় তাঁর ইউপি চেয়ারম্যান জনাব আজিজুর রহমান আকন্দ সাহেব মৃত্যুবরন করায় তিনি প্যানেল চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন। সকল উন্নয়নমূলক কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | উন্নয়নমুলক কার্যক্রম ভালোভাবে সকলের সহযোগিতায় বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ২৬) | চেয়ারম্যান পাররামরামপুর ইউপি ঃ<br>চেয়ারম্যান, পাররামরামপুর ইউপি জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম ভালোভবে চলছে। তিনি তাঁর ইউনিয়নে সকল উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ২৭) | চেয়ারম্যান হাতীভাংগা ইউপি ঃ<br>চেয়ারম্যান, হাতীভাংগা ইউপি সভায় জানান যে, হাতীভাংগা হতে দেওয়ানগঞ্জ মেইন রোড কিছুটা ভাংগনের সৃষ্টি হয়েছে। জনগণের চলাফেরায় অসুবিধার সৃষ্টি হচ্ছে। রাস্তা সংস্কার মেরামত প্রয়োজন। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | রাস্তা-ঘাট মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্তগ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ২৮) | চেয়ারম্যান চিকাজানী ইউপি ঃ<br>চিকাজানী ইউপি চেয়ারম্যান জানান যে, মন্ডল বাজারের পিছনে রাস্তা ভেংগে যাওয়ার কারণে জনসাধারণের চলাচলে অসুবিধার সৃষ্টি হচ্ছে। রাস্তাটি মেরামত/সংস্কার প্রয়োজন। এছাড়াও খোলাবাড়ী রাস্তা ভেংগে যাওয়ার কারণে জনসাধারণের চলাচল ও মালামাল পরিবহনে অসুবিধার সৃষ্টি হচ্ছে। রাস্তগুলো খুব শীঘ্রই সংস্কার/মেরামতের জন্য অনুরোধ জানান। প্রয়োজনীয় ব্যবস্থা | রাস্তাটি মেরামত/সংস্কার গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | গ্রহণের জন্য অনুরোধ জানান। | | |
| ২৯) | চেয়ারম্যান বাহাদুরাবাদ ইউপি ঃ<br>বাহাদুরাবাদ ইউপি চেয়ারম্যান সভায় আগত নতুন ইংরেজি নববর্ষের শুভেচ্ছা জানান। তিনি জানান যে, তাঁর ইউনিয়নে একটি হাসপাতাল রয়েছে। রোগীরা প্রয়োজনীয় ঔষধপত্র ও সেবা যেন পায় সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। ভবনটি পুরাতন। নতুন ভবন নির্মাণ করা যায় কিনা সেজন্য অনুরোধ করেন। | উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩০) | চেয়ারম্যান চুকাইবাড়ী ইউপি ঃ<br>চুকাইবাড়ী ইউপি চেয়ারম্যান জানান যে, তাঁর ইউনিয়ন পরিষদ হতে জন্ম নিবন্ধন দিতে পারছেন না। সার্ভার জটিলতার কারণে সমস্যার সৃষ্টি হচ্ছে। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এডিপির ২০২১-২০২২ অর্থবছরের আওতায় প্রাক্কলন জমা দেয়া হয়েছে। সঠিক সময়ে যেন টেন্ডার আহ্বান করে কাজ দ্রুত সম্পাদান করা যায় সে ব্যাপারে অনুরোধ জানান । প্রকল্প বাস্তবায়ন দপ্তর কর্তৃক কোন কাঁচা রাস্তা HBB করা হয়নি। কাঁচা রাস্তাগুলো জনগণের চলাচলের সুবিধার্থে পাকাকরন প্রয়োজন। নৌ টার্মিনালে সরকারিভাবে বরাদ্দ প্রদান করা হয়। সেখানে সঠিকভাবে কার্যক্রম বাস্তবায়ন হচেছ কিনা সে ব্যাপারে মাননীয় জেলা প্রশাসক, জামালপুর মহোদয়ের মাধ্যমে তদারকির জন্য অনুরোধ করেন। এছাড়াও তিনি জানান যে, ব্রহ্মপুত্র নদ খননের জন্য প্রয়োজনীয় বরাদ্দ পাওয়া গেছে। নদ খননটি চিকাজানী খোলাবাড়ী হয়ে সঠিকভাবে করা হয় সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। গ্রামপুলিশগণ থানায় হাজিরা প্রদান করেন। তারা যেন দিন রাত ভালোভাবে ডিউটি পালন করেন সে ব্যাপারে সভায় আলোচনা করেন। দেওয়ানগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মাত্র ০২ (দুই) জন ডাক্তার রয়েছেন। প্রয়োজনীয় সংখ্যক ডাক্তার নিয়োগের ব্যাপারে অনুরোধ করেন। এছাড়াও তিনি জানান যে, গত মৌসুমে কৃষি অফিস হতে যে বীজ প্রদান করা হয়েছিল ০২ মন ধানও ফলন হয়নি। এ ব্যাপারে উপজেলা কৃষি অফিসারের মাধ্যমে তদারকির জন্য অনুরোধ করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩১) | চেয়ারম্যান দেওয়ানগঞ্জ ইউপি ঃ<br>দেওয়ানগঞ্জ ইউপি চেয়ারম্যান জানান যে তাঁর ইউনিয়নে উন্নয়নমূলক কাজসহ রাস্তা ঘাট মেরামত/সংস্কার কাজ চলমান রয়েছে। ০১ নং ও ০২ নং ওয়ার্ডে কোরোনা ভাইরাস প্রতিরোধ কল্পে টিকা প্রদান করা হয়েছে। ০৩ নং ওয়ার্ডে এখনও টিকা প্রদান করা হয়নি। এছাড়াও গ্রাম পুলিশ নিয়োগের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | করোনা ভাইরাস প্রতিরোধে খুব শীঘ্রই টিকা প্রদান কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩২) | মেয়র ঃ<br>মেয়র, দেওয়ানগঞ্জ পৌরসভা সভায় সমাজসেবা দপ্তরের কার্যক্রম নিয়ে আলোচনা করেন। ভাতাভোগীরা যেন সময়মত ভাতা পেয়ে যায় এবং কার্যক্রম আরো ভালোভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করেন। বন্যার সময় অত্র দেওয়ানগঞ্জ উপজেলাসহ সকল জায়গায় বন্যার পানি প্রবেশ করে। হরিনধরা বেড়িবাঁধের সংস্কার/মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। সকল উন্নয়নমুলক ও গঠনমূলক কার্যক্রমে দেওয়ানগঞ্জ পৌরসভা সর্বাত্নক সহযোগিতা করবেন। সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের নিমিত্ত একত্রে কাজ করার প্রত্যয় ব্যক্ত করে তিনি বক্তব্য শেষ করেন। | দেওয়ানগঞ্জ পৌরসভার সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৩) | মাননীয় এমপি মহোদয় প্রতিনিধি ঃ<br>মাননীয় এমপি মহোদয় প্রতিনিধি জনাব মুক্তাদির বিল্লাহ শিপন, মাননীয় এমপি মহোদয় জনাব আবুল কালাম আজাদ এঁর পক্ষ হতে নতুন ইংরেজি বছরের শুভেচ্ছা জানান। মাননীয় এমপি মহোদয় মানুষের জীবন মান উন্নয়নে কাজ করে যাচ্ছেন। বিভিন্ন জায়গায় এমপি মন্ত্রীদের নামে অনেক রাস্তা ঘাট নামরকরন করা হয়েছে। মাননীয় এমপি মহোদয়ের নামে একটি রাস্তা ও উপজেলা পরিষদের নব নির্মিত হল রুম ভবনটি মাননীয় সংসদ সদস্য জনাব আবুল কালাম আজাদ, সভাপতি, পরিকল্পনা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, এঁর নামে নাম করণের জন্য আলোচনা করেন। তিনি ডাংধরা হতে দেওয়ানগঞ্জ পর্যন্ত রাস্তা ঘাট উন্নয়নকল্পে দূরত্ব কমিয়ে এনেছেন। মাননীয় প্রধানমন্ত্রীর সকল উন্নয়নমূলক কার্যক্রমের মাধ্যমে সুখী সমৃদ্ধ দেশ গঠনে এবং দেওয়ানগঞ্জ উপজেলায় আরও উন্নয়নমূলক কার্যক্রম অব্যাহত রাখতে ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে তিনি বক্তব্য শেষ করেন। | উন্নয়নমূলকসহ বিভিন্ন বিভাগীয় কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৪) | ভাইস চেয়ারম্যান ঃ<br>ভাইস চেয়ারম্যান সভাস্থ সকলকে শুভেচ্ছা জানান। তিনি মাননীয় এমপি মহোদয়ের নামে রাস্তা ও নবনির্মিত উপজেলা প্রশাসনিক অডিটরিয়াম হল রুম নামকরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। তিনি সমাজসেবা দপ্তরের ভালোভাবে কার্যক্রম বাস্তবায়নের জন্য ধন্যবাদ জানান। ভাতাভোগীরা যেন সঠিক সময়ে ভাতা প্রাপ্ত হয় সে ব্যাপারে কার্যক্রম আরো জোরদার করনের জন্য অনুরোধ করেন। উপজেলা মহিলা বিষয়ক বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়। যারা প্রশিক্ষণ নিয়েছেন তারা যেন আবার সুযোগ না পায় সেদিকে নজরদারি করার জন্য অনুরোধ করেন। যারা কোনদিন প্রশিক্ষণ গ্রহণ করে নাই তারা যেন সুযোগ পায় । সমাজসেবা দপ্তর যেমন তাঁদের কার্যক্রম এগিয়ে নিয়েছেন মহিলা বিষয়ক দপ্তরও তেমনি কার্যক্রম সুষ্ঠভাবে আরও ভালোভাবে বাস্তবায়ন করবেন সে আশাবাদ ব্যক্ত করে বক্তব্য শেষ করেন। | সকল কার্যক্রম সকলের সহযোগিতায় ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৫) | ভাইস চেয়ারম্যান (মহিলা) ঃ<br>ভাইস চেয়ারম্যান (মহিলা), অত্র দেওয়ানগঞ্জ উপজেলার উন্নয়নমূলক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে বিভিন্ন বিভাগীয় কর্মকর্তাগণ ও ইউপি চেয়ারম্যানগণকে একত্রে কাজ করার জন্য অনুরোধ করেন। সভাস্থ সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | উন্নয়নমূলক সকল কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী |

| | | | অফিসার |
|---|---|---|---|
| ৩৬) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ঃ<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয় বিভিন্ন বিভাগীয় কর্মকর্তাগণ এবং ইউপি চেয়ারম্যানগণ সভায় গুরুত্বপূর্ণ বক্তব্যের জন্য ধন্যবাদ জানান। প্রত্যেক বিভাগীয় কর্মকর্তাগণ এবং জনপ্রতিনিধিগণ দেশের উন্নয়নে কাজ করে যাচ্ছেন। তিনি নৌ টার্মিনাল বিষয়ে এবং ব্রক্ষপুত্র নদ খননসহ অন্যান্য গুরুত্বপূর্ন বক্তব্য প্রদানের জন্য চুকাইবাড়ী ইউপি চেয়ারম্যানকে ধন্যবাদ জানান। কাজগুলো সঠিকভাবে বাস্তবায়নের ব্যাপারে মাননীয় জেলা প্রশাসক, জামালপুর মহোদয়ের মাধ্যমে তদারকির ব্যবস্থা গ্রহণ করা হবে। উপজেলা সমাজসেবা বিভাগসহ উপজেলা মহিলা বিষয়ক দপ্তরের কার্যক্রম ও অন্যান্য বিভাগীয় কার্যক্রম আরো বেগবান ও ভালোভাবে বাস্তবায়নের জন্য সভায় আলোচনা করেন। এছাড়াও যে সকল ইউনিয়নে চকিদার নিয়োগ হয়নি গতবারের নিয়োগ প্রক্রিয়া বাতিল করে নতুন করে চকিদার নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা করা হয়। সভাপ্র সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | বিভাগীয় ও উন্নয়নমূলক কার্যক্রম চলমান রাখার লক্ষ্যে এবং যে সকল ইউনিয়নে চকিদার নিয়োগ হয়নি গতবারের নিয়োগ প্রক্রিয়া বাতিল করে নতুন করে চকিদার নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৭) | জানুয়ারি/২২ খ্রি. মাসের চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানগণ এর ভ্রমণভাতা বিল উপস্থাপন করা হয়। জানুয়ারি/২২ খ্রি. মাসে চেয়ারম্যান, উপজেলা পরিষদ =১৩,১২৫/- (তের হাজার একশত পঁচিশ) টাকা এবং ভাইস চেয়ারম্যান=৭,৫০০/-(সাত হাজার পাঁচশত) এবং ভাইস চেয়ারম্যান (মহিলা) =৭,৫০০/-(সাত হাজার পাঁচশত) টাকা অনুমোদনের জন্য আলোচনা করা হয়। | জানুয়ারি/২২ মাসের ভ্রমনভাতা বিল সর্বমোট =২৮,১২৫/- (আটাশ হাজার একশত পঁচিশ) টাকা অনুমোদিত ও গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৮) | ভোক্তা অধিকার বিষয়ে আলোচনা<br>ক) উপজেলা পর্যায়ে পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য বিভিন্ন পণ্য উৎপাদন এবং বিপনন বিষয়ে আলোচনা করা হয়।<br>খ) ভোক্তা অধিকার বিষয়ে ও ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ আরো অধিকতর প্রচারের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার কার্যক্রম পরিচালনা করা যেমন- লিফলেট, প্যাম্পলেট, পোস্টার টাংগানো, সভা, সেমিনার, সিম্পোজিয়াম ইত্যাদি কর্মশালা আয়োজন করা প্রয়োজন। | ক) পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য বিভিন্ন পণ্য উৎপাদন, বিপনন প্রতিষ্ঠানসমূহ তদারকির সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) নাগরিকদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষে সকল কার্যক্রম পরিচালনা করা যেমন- লিফলেট, প্যাম্পলেট, পোস্টার লাগানো, সভা, সেমিনার ও কর্মশালা ইত্যাদি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি |
| ৩৯) | হাট বাজার সংক্রান্ত ঃ<br>১৪২৯ বঙ্গাব্দে দেওয়ানগঞ্জ উপজেলা পরিষদের ১৩ টি হাট বাজারের ইজারা কার্যক্রম চলমান রয়েছে। | সরকারি হাট বাজার ইজারা নীতিমালা মোতাবেক জরুরী ভিত্তিতে ইজারা কার্যক্রম সম্পন্ন করে বিজ্ঞপ্তি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৪০) | বিবিধ ঃ<br>ক) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ফেব্রুয়ারি ২০২০, ৩(জ) মূলে আপ্যায়ন ব্যয়, উপজেলা পরিষদ সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানগণ এবং উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য আপ্যায়ন বাবদ মাসিক সর্বোচ্চ =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ও সরকারি ক্রয় সংক্রান্ত বিধি-বিধান/নির্দেশাবলী অনুসরণপূর্বক পরিষদের জন্য অফিস সামগ্রী ও ষ্টেশনারি দ্রব্যাদি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ক্রয় করা যাবে। তবে এখাতে মাসিক সর্বোচ্চ =৫,০০০/- (পাঁচ হাজার) টাকার বেশী ব্যয় করা যাবেনা। এই বিষয়ে আলোচনা করা হয়। | ক) উল্লিখিত ব্যয় বাবদ=৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করা হয়।

২৫/০১/২২

মোঃ সোলায়মান হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দেওয়ানগঞ্জ, জামালপুর
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা

স্মারক নং-উঃনিঃঅঃ/দেওয়ান/উঃপঃসঃ/ ৫৮ (৪০) তারিখ ঃ ২৫/১/২০২২ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১) সিনিয়র সচিব, স্হানীয় সরকার বিভাগ, স্হানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) জেলা প্রশাসক, জামালপুর।
৩) উপজেলা ..........................................অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।
৪) চেয়ারম্যান.......................................ইউনিয়ন পরিষদ (সকল), দেওয়ানগঞ্জ, জামালপুর।
৫) অফিস কপি।

২৫/১/২২

কামরুন্নাহার শেফা
উপজেলা নির্বাহী অফিসার
দেওয়ানগঞ্জ, জামালপুর।